

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিদপ্তর, ঢাকা।
www.mohpw.gov.bd

তারিখ: ১৮ ডিসেম্বর ২০১৬
১৮ DEC 2016

স্মারক: ২৫.০১৫.০০১.০২.০১.০০৩.২০০৯-১৭৪৭

তারিখ: ২০/১২/১৬
১৯ DEC 2016

অতি জরুরী
মন্ত্রিপরিষদ বিভাগ অগ্রাধিকার
বিশেষ বাহক/ফ্যাক্সযোগে প্রেরিত

তারিখ: ০২ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

বিষয়: সচিব সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র: মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের ০৭-১২-২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৭১২.০৬.০১০.১৬(০১)-১২১ সংখ্যক আধাসরকারি পত্র।

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সূত্রবর্ণিত আধাসরকারি পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৮ নভেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত সচিব-সভায় গৃহিত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ নিয়ে উল্লেখ করা হলোঃ

ক্রম	সিদ্ধান্ত ক্রম এবং সিদ্ধান্ত
(ক)	XXX
(খ)	XXX
(গ)	ই-জিপিতে এখনও যুক্ত হয়নি এমন মন্ত্রণালয়/বিভাগ/ক্রয়কারী সংস্থা আগামী ১৫-১২-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ই-জিপিতে যুক্ত হওয়ার লক্ষ্যে সিপিটিইউ-এ প্রস্তাব প্রেরণ করবে;
(ঘ)	যেসব মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহ সিপিটিইউ-এর নিবন্ধিত হয়েছে ও কর্মকর্তারা প্রশিক্ষণ গ্রহণ করেছে, উক্ত মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহ আগামী ২০-১২-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ই-জিপির মাধ্যমে ক্রয়কার্য পরিচালনা কার্যক্রম শুরু করবে;
(ঙ)	যেসব মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহ Project Management Information System (PMIS) সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের লক্ষ্যে আইটি ও উন্নয়ন সংশ্লিষ্ট কর্মকর্তা এবং প্রকল্প পরিচালকগণের প্রশিক্ষণের মনোনয়ন প্রস্তাব বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করেনি, তারা আগামী ২০-১২-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে উপযুক্ত কর্মকর্তার মনোনয়ন প্রস্তাব বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করবে;
(চ)	ই-জিপির উপর প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তাদের অত্যাব্যাক না হলে অন্যত্র বদলি না করার বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বিবেচনা করবে;
(ছ)	XXX
(জ)	মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগসমূহের ব্রান্ডিং এর বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের (যেমন-পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়) মধ্যে যারা অদ্যাবধি Action Plan প্রণয়নপূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করেননি তারা আগামী ১৫-১২-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে তা প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবে;
(ঝ)	প্রতিবন্ধীদের সহায়তায় সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সংস্থায় খাবার পানি হিসাবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন মৈত্রী শিল্প ফ্যাক্টরীতে প্রতিবন্ধীদের দ্বারা উৎপাদিত 'মুক্ত ব্রান্ডের খাবার পানির বোতল' ব্যবহারের বিষয়ে সচিবগণ সচেতন হবেন;
(ঞ)	মন্ত্রিসভা কমিটিসহ অন্যান্য গুরুত্বপূর্ণ নীতি নির্ধারণী সভায় আমন্ত্রিত কর্মকর্তা ব্যতিত সচিবগণ অন্য কোন কর্মকর্তাকে অংশগ্রহণ করা থেকে বিরত রাখবেন;
(ট)	XXX
(ঠ)	৩৫তম বিসিএস-এর নন ক্যাডার শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে সচিব, সরকারি কর্মকমিশন কর্তৃক প্রেরিত আধাসরকারি পত্রের চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ জরুরি ভিত্তিতে এর আওতাধীন দপ্তর/সংস্থার শূন্য পদের প্রস্তাব প্রেরণ করবে;
(ড)	XXX
(ঢ)	XXX
(ণ)	XXX

২। এমতাবস্থায়, সচিব সভায় গৃহিত উল্লিখিত সিদ্ধান্তসমূহ অনুসরণ এবং বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং ইতোমধ্যে গৃহীত অগ্রগতির হালনাগাদ তথ্যাদি বিশেষ বাহক/ফ্যাক্স এবং asman@mo.gov.bd ই-মেইল ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।
- সচিব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।
- সভায় যোগদান করুন এবং কার্য নিবন্ধনী অবহিত করুন।
- পত্রের মর্মানুসারে প্রতিবেদন পেশ করুন।
- তদন্ত করে মতামতসহ প্রতিবেদন দিন।
- পরীক্ষা করে পেশ করুন।
- নথিতে পেশ করুন।

(আব্দুল আলীম খান)
উপসচিব
তারিখ: ১৫/১২/১৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার ও চেয়ারম্যান, পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড (এপিএমবি), সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, স্থাপত্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

